

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১২৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدِّمًا أَوْ مُؤَخَّرًا)

পরিচ্ছেদঃ পরিবারের লোকদের কান্নার কারণে মৃত ব্যক্তির শাস্তি হয় মর্মে যে বক্তব্য, এর দ্বারা কাফির ব্যক্তি উদ্দেশ্য; মুসলিম মৃত ব্যক্তি নয়

ذَكَرُ الْبَيَانِ بَأَنَّ هَذَا الْخِطَابَ أَرَادَ بِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا نِيحَ عَلَى الْكُفَّارِ دُونَ أَنْ يَكُونَ الْمَبْكِي عَلَيْهِ مُسْلِمًا

আরবী

3126 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا نَافِعُ بْنُ عُمَرَ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ قَالَ: حَضَرْتُ جَنَازَةَ أَبَانَ بْنِ عُثْمَانَ فَجَاءَ ابْنُ عُمَرَ فَجَلَسَ وَجَاءَ ابْنُ عَبَّاسٍ فَجَلَسَ فَقَالَ ابْنُ عُمَرَ: أَلَا تَنْهَى هَؤُلَاءِ عَنِ الْبُكَاءِ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِنَّ الْمَيِّتَ يُعَذَّبُ بِبُكَاءِ أَهْلِهِ عَلَيْهِ) فَقَالَ ابْنُ عَبَّاسٍ مُجِيبًا لَهُ: قَدْ كَانَ عُمَرُ يَقُولُ بَعْضَ ذَلِكَ خَرَجْنَا مَعَ عُمَرَ حَتَّى إِذَا كُنَّا بِالْبَيْدَاءِ إِذَا رَاكِبٌ فِي ظِلِّ شَجَرَةٍ فَقَالَ: يَا عَبْدَ اللَّهِ بْنُ عَبَّاسٍ انْظُرْ مَنْ الرَّاكِبُ فَجِئْتُ فَإِذَا صُهِيبٌ مَعَهُ أَهْلُهُ فَقَالَ لِي: ادْعُ لِي صُهِيبًا فَصَحَبَهُ حَتَّى دَخَلَ الْمَدِينَةَ فَأُصِيبَ عُمَرُ فَقَالَ: وَالْأَخَاهُ وَاصْحَابَاهُ فَقَالَ عُمَرُ: يَا صُهِيبُ لَا تَبْكِي فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (يُعَذَّبُ الْمَيِّتُ بِبُكَاءِ أَهْلِهِ عَلَيْهِ) فَذَكَرَ ذَلِكَ لِعَائِشَةَ فَقَالَتْ: وَاللَّهِ مَا تُحَدِّثُونَ عَنْ كَذَّابِينَ وَلَا مُكَذِّبِينَ وَإِنْ فِي الْقُرْآنِ مَا يَكْفِيكُمْ عَنْ ذَلِكَ {وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَى} [الأنعام: 164] وَلَكِنْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ اللَّهَ يَزِيدُ الْكَافِرَ بِبُكَاءِ أَهْلِهِ عَلَيْهِ) الراوي : ابن أبي مُلَيْكَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3126 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح سنن

النسائي)) (1753): خ (1286 - 1288), م (43 - 44).

বাংলা

৩১২৬. ইবনু আবী মুলাইকাহ (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আবান বিন উসমান রাদিয়াল্লাহু আনহু জাযায় উপস্থিত হই। অতঃপর আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা এসে বসেন। অতঃপর আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা এসে বসেন। এসময় আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা বলেন, “আপনি কি এদেরকে কান্না করতে নিষেধ করবেন না? নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “নিশ্চয়ই মৃত ব্যক্তির পরিবারের লোকদের কান্নার কারণে তাকে শাস্তি দেওয়া হয়।”

তখন আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা জবাবে বলেন, “উমার রাদিয়াল্লাহু আনহুও এরকম কিছু বলতেন। আমরা একবার উমার রাদিয়াল্লাহু আনহু সাথে বের হই। অতঃপর যখন আমরা বাইদাহ নামক জায়গায় আসি, সেসময় গাছের ছায়ায় এক আরোহী ব্যক্তিকে দেখা যায়। উমার রাদিয়াল্লাহু আনহু আমাকে বলেন, “হে আব্দুল্লাহ বিন আব্বাস, দেখ তো, আরোহী ব্যক্তিটি কে?” তারপর আমি এসে দেখি তিনি সুহাইব রাদিয়াল্লাহু আনহু এবং তাঁর সাথে তাঁর পরিবার। উমার রাদিয়াল্লাহু আনহু আমাকে বলেন, “সুহাইব রাদিয়াল্লাহু আনহুকে আমার কাছে নিয়ে আসো।” অতঃপর তিনি তাকে সাথে নেন অতঃপর মাদীনায় প্রবেশ করেন।

অতঃপর উমার রাদিয়াল্লাহু আনহু যখন আক্রান্ত হন, তখন সুহাইব রাদিয়াল্লাহু আনহু বলেন, “হায়! আমার ভাই! হায়! আমার সঙ্গী!” তখন উমার রাদিয়াল্লাহু আনহু বলেন, “হে সুহাইব, কান্না করো না। কেননা নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “পরিবারের লোকদের কান্নার কারণে মৃত ব্যক্তিকে শাস্তি দেওয়া হয়।”

তারপর সুহাইব রাদিয়াল্লাহু আনহু হাদীসটি আয়িশা রাদিয়াল্লাহু আনহা কাছে বর্ণনা করলে, তিনি বলেন, “আল্লাহর কসম, নিশ্চয়ই তোমরা মিথ্যুক ব্যক্তিদের থেকে হাদীস বর্ণনা করছো না। আর এই ব্যাপারে কুরআনে যা এসেছে, সেটাই যথেষ্ট। মহান আল্লাহ বলেছেন, وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَى (আর কোন বোঝা বহনকারী অন্যের বোঝা বহন করবে না। -সূরা আনআম: ১৬৪)।

বস্তুত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “পরিবারের লোকদের কারণে কাফির ব্যক্তির আযাব বৃদ্ধি করা হয়।”[১]

ফুটনোট

[১] মুসান্নাফ আব্দুর রায়যাক: ৬৬৭৫; মুসনাদ ইমাম শাফেঈ: ১/৫৫৮; সহীহুল বুখারী: ১২৮৬; নাসাঈ: ৪/১৮-১৯; সুনান বাইহাকী: ৪/৭৩; বাগাবী: ১৫৩৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আন নাসাঈ: ১৭৫৩)

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ইবন আবু মুলায়কা (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92456>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন